"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং: ৩২.০০.০০০০.০৫৭.৩০.০০৭.১৬-৮৫

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৭ / ০৪ অক্টোবর ২০২০

# পরিপত্র

**বিষয়ঃ দুঃস্থ মহিলা উন্নয়ন (ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট-ভিজিডি) কর্মসূচির আওতায় ১ জানুয়ারি ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২২ চক্রের ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন, ভিজিডি খাদ্য ও কার্ড বিতরণ।**

বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ভিজিডি কর্মসূচি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে। এ কর্মসূচির আওতায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে "স্বনির্ভরতার জন্য সহায়তা" এ মূল নীতি অনুসরণ করে খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন, আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা প্রদান ইত্যাদি উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। চলতি ভিজিডি চক্র ২০১৯-২০২০ এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দে শেষ হবে। ১ জানুয়ারি ২০২১ থেকে পরবর্তী ভিজিডি চক্র ২০২১-২০২২ শুরু হবে।

১.০ সাধারণ নির্দেশাবলী:

"ভিজিডি চক্র ২০২১-২০২২" এর উপকারভোগী নির্বাচন, ভিজিডি খাদ্য ও কার্ড বিতরণ এবং মনিটরিং কার্যক্রমসহ কর্মসূচির সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা ও শর্তাবলী অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) দেশের সকল উপজেলা এ কর্মসূচির আওতাভুক্ত হবে। সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় ভিজিডি কার্ড বরাদ্দ করা হবে না। তবে চক্র শুরু হবার পর কোন ইউনিয়ন যদি পৌরসভা/সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়, সে ক্ষেত্রে ভিজিডি উপকারভোগীদের চলমান চক্রে খাদ্য সহায়তাসহ প্রশিক্ষণ ও অন্যান্য সুবিধাদি অব্যাহত থাকবে। বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ভিজিডি কার্ড প্রদান করা যাবে।

খ) উপজেলা পর্যায়ে ভিজিডি কর্মসূচির বাস্তবায়ন ও ব্যবস্থাপনা উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হবে।

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেলা কার্যালয়ের প্রোগ্রাম অফিসারগণ (সদর উপজেলা) ভিজিডি কর্মসূচির বাস্তবায়ন ও সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। ভিজিডি উপকারভোগী মহিলা নির্বাচন এই দায়িত্বের অন্তর্ভুক্ত হবে।

ঘ) মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা পর্যায়ের উপপরিচালক ও জেলা প্রশাসকের সার্বিক তত্ত্বাবধানে তাঁর জেলার ভিজিডি কর্মসূচির সার্বিক সমন্বয় ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন।

ঙ) ১ জানুয়ারি ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২২ চক্রের ভিজিডি উপকারভোগী বাছাই/ নির্বাচন এবং বিতরণ সংক্রান্ত পরিপত্র অনুসরণে সংশ্লিষ্ট উপজেলার জন্য উপজেলা ভিত্তিক ২০১৯-২০২০ চক্রে বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী উপকারভোগী বাছাই/নির্বাচন করতে হবে।

চ) উপজেলার সকল ইউনিয়নে ভিজিডি কার্ড সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে উপজেলা ভিজিডি কমিটি খাদ্য নিরাপত্তাহীনতা ও অতি দরিদ্র পরিবারের সংখ্যার অনুপাত বিবেচনা করবে।

ছ) এ পরিপত্র বাংলাদেশের সকল উপজেলার এবং প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য প্রযোজ্য হবে।

## ২.০ ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন নীতিমালা:

যে সকল পরিবারের মহিলা নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করবে তাদের মধ্যে থেকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ মহিলাকে র‍্যাংকিং এর ভিত্তিতে ভিজিডি উপকারভোগী হিসেবে নির্বাচন করা হবে (প্রাথমিক তালিকা ছক-০২ অনুযায়ী):

### ২.১ অন্তর্ভুক্তির শর্তাবলীঃ

১. বয়স সীমা ২০ হতে ৫০ বছর। ডাটাবেজ তৈরির জন্য জাতীয় পরিচয়পত্র নম্বর বাধ্যতামূলক।

২. পরিবারে কর্মক্ষম দুস্থ, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারী আছে এবং কোন উপার্জনক্ষম সদস্য অথবা অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।

**অগ্রাধিকার শর্তাবলীঃ**

১. প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসত ভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমান ০.১৫ একর (১৫ শতাংশ) অথবা কম। ভূমিহীন যে সব পরিবারের মহিলা দুঃস্থ ও অসহায় এবং যাদের অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।

২. যে পরিবার দৈনিক দিনমজুর হিসেবে জীবিকা নির্বাহ করে, বিশেষভাবে কৃষিক্ষেত্রে দিনমজুর হিসেবে কাজ করে সে পরিবার অগ্রাধিকার পাবে।

৩. যে সব দরিদ্র পরিবারে শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত কিশোরী আছে সে সকল পরিবারের "মা" অগ্রাধিকার পাবে। কিশোরীরা নিয়মিত শিক্ষাপ্রতিষ্ঠানে যাবে, বাল্য বিবাহ করবে না এবং কোন ঝুঁকিপূর্ণ কাজে যুক্ত থাকবে না মর্মে অংগীকারবদ্ধ হতে হবে।

৪. যে পরিবারের ঘরের দেয়াল মাটির/পাটকাঠি বা বাঁশের তৈরী, সে পরিবার অগ্রাধিকার পাবে।

৫. যে সব দরিদ্র পরিবারে অটিজম/প্রতিবন্ধী সদস্য আছে, সে সব পরিবার ভিজিডি উপকারভোগী নির্বাচনে অগ্রাধিকার পাবে।

৬. যে পরিবারে বিদ্যুৎ সংযোগ নেই, সে পরিবার অগ্রাধিকার পাবে।

### ২.২ অন্তর্ভুক্তির অযোগ্যতাঃ

১. বয়স ২০ বছরের নিচে এবং ৫০ বছরের এর উপরে।

২. সরকারের চলমান অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী।

৩. ২০১৭-২০১৮ এবং ২০১৯-২০২০ চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন।

### ২.৩ অন্যান্য শর্তাবলীঃ

১. একটি পরিবার কেবলমাত্র একটি ভিজিডি কার্ড পাবে।

২. নির্বাচিত মহিলাগণ বিনাশর্তে এবং বিনামূল্যে ভিজিডি কার্ড পাবেন।

**৩.০ কমিটি গঠনঃ** উপজেলা ভিজিডি কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে আলোচনাক্রমে ওয়ার্ড কমিটি গঠন করবেন।

### ৩.১. ওয়ার্ড কমিটি

ওয়ার্ড কমিটির গঠন নিম্নরূপঃ

| | |
|---|---|
| ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত নারী আসনের সদস্য | সভাপতি |
| সরকারি কর্মচারী (সংশ্লিষ্ট ওয়ার্ডের পরিবার পরিকল্পনা/ ভূমি/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর) | সদস্য |
| সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য (পুরুষ/ মহিলা) | সদস্য |

**কার্যপরিধি:**

ওয়ার্ড কমিটি সম্ভাব্য ভিজিডি উপকারভোগী মহিলার নাম ঠিকানা বাড়ী বাড়ী গিয়ে সংগ্রহপূর্বক **প্রাথমিক আবেদন ফরম (ছক-১)** এনজিও প্রতিনিধি/ ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তাদের সহযোগিতায়/a2i এর একসেবা/My Gov/ ৩৩৩ টেলিফোন নম্বর এবং জাতীয় মহিলা সংস্থার তথ্য আপার মাধ্যমে অনলাইনে পূরণ করতে হবে। এছাড়া, ভিজিডি পাওয়ার আগ্রহী মহিলা যে কোন স্থান হতে উপরোক্ত উপায়ে অনলাইনে আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট ইউনিয়নের বরাদ্দকৃত কার্ডের দ্বিগুন সম্ভাব্য উপকারভোগী মহিলার তথ্য সংগ্রহ করতে হবে। সংগৃহীত ভিজিডি উপকারভোগীর আবেদনপত্র ভিজিডি ওয়েব বেইজড় সফটওয়্যারে (dwavgd.gov.bd) অন্তর্ভুক্ত করতে হবে। প্রাথমিক আবেদন ফরম **(ছক-১)** ইউনিয়ন ভিজিডি কমিটিতে জমা দিবে।

### ৩.২ ইউনিয়ন পর্যায়ে ভিজিডি উপকারভোগী বাছাই কমিটির গঠনঃ

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান - - - | সভাপতি |
| ২. | ইউনিয়ন পরিষদের সকল সদস্য (সংরক্ষিত আসনের নির্বাচিত তিনজন মহিলা সদস্যসহ) | সদস্য |
| ৩. | সরকারি প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক (মহিলা) - | সদস্য |
| ৪. | একজন মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৫. | পরিবার পরিকল্পনা ওয়ার্ড কর্মী/স্বাস্থ্য কর্মী | সদস্য |
| ৬. | স্থানীয় ২ জন গণ্যমান্য ব্যক্তি (১ জন পুরুষ ও ১ জন মহিলা) | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সচিব | সদস্য সচিব |

উপজেলা নির্বাহী অফিসার এই কমিটির ৩ ও ৬ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন এবং ৪ নং সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সাথে আলোচনাপূর্বক নির্বাচন করবেন।

**কর্মপরিধি:**

১. ইউনিয়ন ভিজিডি কমিটি ওয়ার্ড কমিটির নিকট হতে প্রাপ্ত প্রাথমিক আবেদন ফরম অনুযায়ী সম্ভাব্য মহিলাদের বাড়ি সরেজমিনে পরিদর্শন করে তথ্য যাচাইয়ের মাধ্যমে **ছক-২** পূরণ করবে।

২. ইউনিয়ন ভিজিডি উপকারভোগী নির্বাচন কমিটি ওয়ার্ড হতে প্রাপ্ত সম্ভাব্য ভিজিডি মহিলাদের তালিকা ওয়েব সাইট/ডাটা বেইজড থেকে হার্ড কপি সংগ্রহ করে কমিটির সদস্যের স্বাক্ষরপূর্বক উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার-এর মাধ্যমে উপজেলা ভিজিডি কমিটির নিকট পেশ করবেন। এই প্রক্রিয়া **৩১ অক্টোবর ২০২০** এর মধ্যে শেষ হবে।

### ৩.৩ উপজেলা ভিজিডি কমিটির গঠনঃ

| | | |
|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ - - - - - - - | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার - - - - - - - | সভাপতি |
| ২. | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ - - - - | সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা - - - - | সদস্য |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা | সদস্য |
| ৫. | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা - - - - | সদস্য |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা - - - - - | সদস্য |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা - - - - - | সদস্য |
| ৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা - - - - | সদস্য |
| ৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা - - - - - | সদস্য |
| ১০. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা - - - - - | সদস্য |
| ১১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক - - - - - | সদস্য |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা - - - - - | সদস্য |
| ১৩. | উপজেলা সমবায় কর্মকর্তা - - - - - | সদস্য |
| ১৪. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - - - - - | সদস্য |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা - - - - - | সদস্য |
| ১৬. | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান - - - - - | সদস্য |
| ১৭. | উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের ১ জন প্রতিনিধি - - - - | সদস্য |
| ১৮. | প্রত্যেক সহযোগী বেসরকারি সংস্থার (এনজিও) প্রতিনিধি - - - | সদস্য |
| ১৯. | স্থানীয় ২ জন গণ্যমান্য ব্যক্তি (১জন পুরুষ ও ১ জন মহিলা) - - - | সদস্য |
| ২০. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার (সদর উপজেলার জন্য) - | সদস্য সচিব |

বিশেষ নির্দেশনাঃ উপজেলা নির্বাহী অফিসার এই কমিটির ১৯ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন এবং ১৭ নং সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সাথে আলোচনাপূর্বক নির্বাচন করবেন।

**উপজেলা ভিজিডি কমিটির কর্মপরিধিঃ**

ক) ‘উপজেলা ভিজিডি কমিটি’র সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ৩.১-এ বর্ণিত ৩ সদস্য বিশিষ্ট একটি ওয়ার্ড কমিটি গঠন করত: পত্র জারি করবেন।

খ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার উপজেলা ভিজিডি কমিটির সভায় সংশ্লিষ্ট উপজেলার সকল ইউপি চেয়ারম্যান এবং সচিবদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা করবেন। সভায় ভিজিডি উপকারভোগী নির্বাচন সম্পর্কিত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। একই সাথে ইউনিয়নভিত্তিক কার্ড বরাদ্দ চূড়ান্ত করবেন।

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার, উপজেলা ভিজিডি কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে ওয়ার্ড কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া (র‍্যাংকিং) তালিকা জনসম্মুখে প্রকাশ করবে। তালিকা যাচাই বাছাই/ পর্যালোচনার জন্য ভিজিডি আবেদনকারী মহিলাদেরকে প্রতি ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে একটি নির্দিষ্ট তারিখে এলাকার গণ্যমাণ্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে আবশ্যিকভাবে গণজমায়েত করবে। উল্লেখ্য COVID-19 এর পরিস্থিতি অব্যাহত থাকলে গণজমায়েত পরিহার করে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপজেলা ভিজিডি কমিটির সিদ্ধান্ত মতে উপকারভোগী নির্বাচন করতে হবে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার উপজেলা ভিজিডি কমিটি’র সহযোগিতায় সকল আবেদনকারীর তথ্য যাচাই করার জন্য পৃথক পৃথকভাবে শুনানী গ্রহণ করে ‘ছক-২’ চূড়ান্ত করবে।

ঘ) উপজেলা ভিজিডি কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ডাটাবেইজ/ ইউনিয়ন হতে প্রাপ্ত সম্ভাব্য ভিজিডি মহিলাদের তালিকাটি পর্যালোচনাপূর্বক পূর্ণাঙ্গ তালিকা অনুমোদন করবেন। এক্ষেত্রে, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার ছক-৩ অনুযায়ী প্রস্তুতকৃত ভিজিডি মহিলাদের পূর্ণাঙ্গ তালিকার প্রতি পাতায় স্বাক্ষর করবেন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে স্বাক্ষরিত তালিকাটি প্রেরণ করবেন। অনুমোদিত এবং স্বাক্ষরিত চূড়ান্ত ভিজিডি মহিলাদের তালিকা **৩০ নভেম্বর ২০২০** এর মধ্যে ইউনিয়ন পরিষদে প্রেরণ নিশ্চিত করবেন।

ঙ) চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর নামের তালিকা অনুমোদনের পর ভিজিডি ডাটাবেইজে (উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার কাজটি সম্পন্ন করবেন) অন্তর্ভুক্ত করতে হবে।

চ) **অনুমোদিত বাছাইকৃত উপকারভোগী মহিলাদের নামের তালিকা সবার জ্ঞাতার্থে ইউপি নোটিশ বোর্ডে টানিয়ে দিতে হবে।** অনুমোদিত তালিকায় কোন অভিযোগ থাকলে উপজেলা নির্বাহী অফিসারের বরাবর যে কোন ব্যক্তি লিখিতভাবে আপত্তি জানাতে পারবে। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা ভিজিডি কমিটির সভাপতি হিসেবে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করবেন। তদন্ত কমিটি ৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে ‘উপজেলা ভিজিডি কমিটি’র নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করবে। ‘উপজেলা ভিজিডি কমিটি’ চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করবে।

ছ) **উপজেলা ভিজিডি কমিটি তালিকা চূড়ান্ত করণে ১০% মহিলার নাম অপেক্ষমান তালিকায় রাখবেন।** ‘ইউনিয়ন ভিজিডি মহিলা বাছাই কমিটি’ প্রাথমিকভাবে বাছাইকৃত চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়া অবশিষ্ট মহিলাদের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবে।

জ) ‘ইউনিয়ন ভিজিডি মহিলা বাছাই কমিটি’ নির্ধারিত সময়ের মধ্যে সম্ভাব্য ভিজিডি মহিলাদের তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণে ব্যর্থ হলে/ কিংবা অসহযোগিতা করলে উপজেলা ভিজিডি কমিটি ৩ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে ১০ কর্ম দিবসের মধ্যে সম্ভাব্য ভিজিডি মহিলাদের নামের তালিকা তৈরি করবেন। এ বিষয়ে ‘উপজেলা ভিজিডি কমিটি’ চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করবে।

ঝ) উপজেলা ভিজিডি কমিটি নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রত্যেক নির্বাচিত উপকারভোগী মহিলার ‘ভিজিডি কার্ড’ বিতরণ নিশ্চিত করবে:

| বিষয় | দায়িত্ব | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| কার্ড বিতরণ | ক) উপজেলা ভিজিডি কমিটি<br>খ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসার | ১০/১২/২০২০ থেকে ২৫/১২/২০২০ | উপজেলা ভিজিডি কমিটি প্রত্যেক ইউনিয়নের কার্ড বিতরণের তারিখ পৃথক পৃথকভাবে নির্ধারণ করবে (সংশ্লিষ্ট ইউপি কমিটি ও সুশীল সমাজের প্রতিনিধি উপস্থিত থাকবেন) |

- সাক্ষাৎকারে উপকারভোগী নির্বাচনের শর্তাবলীর ব্যত্যয় বা অন্য কোন অনিয়ম পরিলক্ষিত হলে তদন্ত সাপেক্ষে তা সমাধানের ব্যবস্থা করবে।
- কোন অবস্থাতেই উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসারের অনুপস্থিতিতে ভিজিডি কার্ড বিতরণ এবং কার্ড বিতরণ না করে খাদ্য বিতরণ করা যাবে না।

**৪. উপজেলা ভিজিডি কমিটির অন্যান্য দায়িত্বাবলীঃ**

ক) ইউনিয়ন ভিজিডি বাছাই কমিটি' কর্তৃক প্রস্তুতকৃত তালিকা যাচাই করা।

খ) উপজেলাতে ভিজিডি কার্যক্রমে কর্মরত এনজিও প্রতিনিধিকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করা ।

গ) আনুপাতিক খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা, দারিদ্রতা ও দুর্দশাগ্রস্থ জনসংখ্যার ঘনত্ব অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে ভিজিডি কার্ড বরাদ্দ করা।

ঘ) ভিজিডি কার্ড প্রাপ্তিতে যেন কোন অনৈতিক পন্থা অনুসৃত না হয় সেটা নিশ্চিত করা।

ঙ) চূড়ান্ত নির্বাচিত উপকারভোগীর তালিকা অনুমোদনের পর ভিজিডি ডাটা বেইজ- এ অন্তর্ভুক্তি নিশ্চিত করা।

চ) এনজিও কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ সেবা প্রদান নিশ্চিতকরণ।

ছ) উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তাদের ভিজিডি উপকারভোগী নির্বাচনের মনিটরিং এর দায়িত্ব প্রদান করবেন।

**৫. ভিজিডি মহিলা নির্বাচন মনিটরিং:**

(ক) সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সক্রিয় মনিটরিং উপজেলা নির্বাহী অফিসার নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া মনিটরিং এ অংশগ্রহণ করবেন;

০৭ অক্টোবর ২০২০ এর মধ্যে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার প্রত্যেক ইউনিয়ন ভিজিডি কমিটির সাথে ভিজিডি উপকারভোগী নির্বাচনের শর্তাবলী, প্রক্রিয়া এবং নির্দেশনা সমূহ নিয়ে আলোচনা করবেন।

(খ) মনিটরিংএ অনিয়ম পরিলক্ষিত হলে গৃহীত ব্যবস্থাদিঃ

ভিজিডি উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় অনিয়ম যথা নির্বাচনের শর্ত পূরণ না হওয়া, যথাযথ কমিটি দ্বারা উপকারভোগী নির্বাচন না করা ইত্যাদি বিবেচনা সাপেক্ষে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত ব্যবস্থাদি প্রযোজ্য হবেঃ

১) চূড়ান্তভাবে অনুমোদিত কোন ভিজিডি উপকারভোগী নির্বাচনের শর্তাবলী পূরণ না করে থাকলে, ভিজিডি তালিকা হতে সেই উপকারভোগীর নাম বাদ দেয়া হবে এবং তার অনুকূলে বরাদ্দকৃত ভিজিডি কার্ড সরাসরি বাতিল হবে। অপেক্ষমান তালিকা থেকে শর্ত পূরণ করে এমন উপকারভোগী নির্বাচন করা যাবে।

২) **৩১ অক্টোবর ২০২০** এর মধ্যে কোন ইউনিয়নে উপকারভোগী নির্বাচনের শর্তাবলী পালনে ত্রুটির পরিমান ১০% এর বেশী পরিলক্ষিত হলে উক্ত ইউনিয়নের ভিজিডি উপকারভোগী নির্বাচন কমিটির কার্যকারিতা বাতিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়ে সুপারিশ করবেন।

**৬. ভিজিডি খাদ্য (চাল/পুষ্টিচাল) বিতরণ সংক্রান্ত সময়সূচিঃ**

৬.১ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ১৫ হতে ২২ তারিখে এর মধ্যে প্রতি ইউনিয়নে ওয়ার্ডভিত্তিক খাদ্য (চাল) বিতরণের জন্য সুবিধামতো তারিখ নির্ধারণ করে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খাদ্য বিতরণ নিশ্চিত করবেন।

৬.২ সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্য নির্ধারিত তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খাদ্য (চাল) বিতরণ করতে হবে:

| খাদ্য বিতরণ | সময় | ওয়ার্ড নং | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সকাল ৮.৩০ থেকে ১১.০০টা | ১, ২, ৩ | ১৫ হতে ২২ তারিখ | চেয়ারম্যান ১৫ হতে ২২ তারিখ এর মধ্যে সুবিধামতো তারিখ নির্ধারণ করে খাদ্য বিতরণ নিশ্চিত করবেন। |
| ২ | সকাল ১১.৩০ থেকে দুপুর ১.৩০টা | ৪, ৫, ৬ | | |
| ৩ | বিকাল ২.৩০ থেকে ৫.০০ টা | ৭, ৮, ৯ | | |

**৬.৩** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ করতে হবে।

৬.৪ বিশেষ ক্ষেত্রে একজন অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ করা যাবে, তবে কোন অবস্থাতেই উল্লেখিত অফিসারের অনুপস্থিতিতে খাদ্য বিতরণ করা যাবে না।

৬.৫ সংশ্লিষ্ট অফিসার বিনা কারণে খাদ্য বিতরণের জন্য নির্ধারিত সময়ে অনুপস্থিত থাকলে বা খাদ্য বিতরণে অনিয়ম হলে তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. **বিশেষ বিবেচ্য বিষয়ঃ**

৭.১ এই পরিপত্রটি সম্পূর্ণরূপে ২০২১-২০২২ চক্রের জন্য ভিজিডি উপকারভোগী বাছাই, মনিটরিং ও ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৭.২ ভিজিডি উপকারভোগীদের নির্বাচনী শর্তসমূহ পালনে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সরকার ভিজিডি কেন্দ্রের খাদ্য সাহায্য স্থগিত বা উক্ত কমিটির বিরুদ্ধে ব্যবস্থাদি গ্রহণ করবে।

স্বাক্ষরিত
০৪-১০-২০২০
(নিলুফার ইয়াসমিন)
উপ সচিব
ফোনঃ ৯৫৭০৬৫৭

**কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সদস্য (সিনিয়র সচিব), সাধারন অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর,ঢাকা
০৪। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, মৎস ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো /কার্যক্রম বিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, ঢাকা।
১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৪। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
১৬। জেলা প্রশাসক (সকল)--------------------------------------------------------------।
১৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)---------------------------------------------------।
১৮। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। উপপরিচালক (ভিজিডি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা (তাঁকে বিজি প্রেস/ভিজিডি খাতের বাজেট বরাদ্দ হতে পরিপত্রটি মুদ্রণপূর্বক মাঠ পর্যায়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
২১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল) ---------------------------------------------------------------।
২২। প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচী, ঢাকা।
২৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল) ----------------------------------------------------।
২৪। চেয়ারম্যান, ------------------------------ইউনিয়ন------------------থানা- ------------------------------জেলা।
২৫। নির্বাহী পরিচালক/পরিচালক,-----------------------------------------------------------।

ছক-১

## ভিজিডি কর্মসূচির উপকারভোগী হওয়ার আবেদনপত্র

## ভিজিডি চক্র ২০২১-২০২২

বরাবর

ভিজিডি ইউনিয়ন কমিটি

..............................

..............................

ব্যক্তিগত তথ্যঃ

| | | |
|---|---|---|
| ০১। | নাম | |
| ০২। | পিতার নাম | |
| ০৩। | মাতার নাম | |
| ০৪। | স্বামীর নাম/অভিভাবকের নাম | |
| ০৫। | জন্ম তারিখ | |
| ০৬। | মোবাইল নং | |
| ০৭। | জাতীয় পরিচয়পত্রের নম্বর (**বাধ্যতামূলক**) | |

যোগাযোগের তথ্যঃ

| | | |
|---|---|---|
| ০৮। | স্থায়ী ঠিকানা | |
| | ডাকঘর কোড | |
| | গ্রাম/মহল্লা | |
| | ওয়ার্ড নং | |
| | ইউনিয়ন | |
| | উপজেলা | |
| | জেলা | |

অন্যান্য তথ্যাদিঃ

| | | |
|---|---|---|
| ০৯। | বয়স (২০ হতে ৫০ বছর) (হ্যাঁ/না) | |
| ১০। | সরকারের অন্যকোন কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী (হ্যাঁ/না) | |
| ১১। | বৈবাহিক অবস্থা (বিধবা, তালাকপ্রাপ্ত, স্বামী পরিত্যক্তা) | |
| ১২। | স্থায়ী আয়ের উৎস (হ্যাঁ/না) | |
| ১৩। | পরিবারের সদস্য সংখ্যা | |
| ১৪। | পরিবারের উপার্জনকারী ব্যক্তির পেশা (দিনমজুর/কৃষিক্ষেত্রে দিনমজুর) | |
| ১৫। | ঘরের দেয়াল তৈরি (মাটির/পাটকাঠির/বাশের/ইটের/টিনের) | |
| ১৬। | জমির মালিকানা [(বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমান ০.১৫ একরের (১৫ শতক) কম/.০৫ একরের (০৫ শতক) কম] | |
| ১৭। | ২০১৭-২০১৮ এবং ২০১৯-২০২০ এর মধ্যে ভিজিডি কার্ডধারী ছিলেন (হ্যাঁ/না) | |
| ১৮। | পরিবারে শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত কিশোরী (আছে/নাই) | |
| ১৯। | পরিবারে অটিজম/কর্মে অক্ষম শারীরিক ও মানসিক প্রতিবন্ধী সদস্য (আছে/নাই) | |
| ২০। | বাড়ীতে বিদ্যুৎ সংযোগ (আছে/ নাই) | |
| ২১। | পরিবার প্রধান মহিলা কিনা (হ্যাঁ/না) | |
| ২২। | পরিবারে উপার্জনক্ষম কোন পুরুষ সদস্য আছে কিনা (হ্যাঁ/না) | |
| ২৩। | আবেদনকারী গর্ভবতী/স্তন্যদান করছেন কিনা (হ্যাঁ/না) | |
| ২৪। | আবেদনকারীর পরিবারে ৫ বছরের কম বয়সী সদস্য আছে কিনা (হ্যাঁ/না) | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর

# ছক-২

## ভিজিডি কর্মসূচির জন্য উপকারভোগী মহিলা বাছাই/নির্বাচনের প্রাথমিক তালিকার 'ছক'

ভিজিডি চক্র ২০২১-২০২২

ইউনিয়ন :
উপজেলা :
জেলা :

ওয়ার্ড :
গ্রাম :
পাড়া / মহল্লা :

| ক্রমিক নং | ভিজিডি মহিলার নাম এবং স্বামী/ অভিভাবকের নাম | বয়স | জাতীয় পরিচয় পত্র নং | পরিবারের সদস্য সংখ্যা | দুঃস্থতা নির্ণায়ক (মোট স্কোর-১০) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | জমির মালিকানা (সর্বোচ্চ স্কোর=৩) | | পরিবারের উপার্জনকারী ব্যক্তির পেশা (সর্বোচ্চ স্কোর=৩) | | পরিবারে কর্মক্ষম দুস্থ ও অসহায় নারী (সর্বোচ্চ স্কোর=১.৫) | আর্থ-সামাজিক অবস্থা (সর্বোচ্চ স্কোর=১.৫) | | অন্যান্য (১.০০) | | মোট প্রাপ্ত স্কোর |
| | | | | | ০.০৫ -০.১৫ একর (৫-১৫ (শতক) পরিমান জমি হলে (স্কোর= ২) | ০.০৫ একরের (৫ শতক) কম জমি হলে (স্কোর=৩) | দিনমজুর হলে (স্কোর=২) | কৃষিক্ষেত্রে দিনমজুর হলে (স্কোর=৩) | তালাকপ্রাপ্ত /পরিত্যক্তা হলে (স্কোর=১.৫) | বাড়িতে বিদ্যুৎ আছে (০)/ নাই (০.৭৫) | ঘরের দেয়াল মাটির/বাঁশের/ পাটকাঠির তৈরি হলে (স্কোর=০.৭৫) | পরিবারে কিশোরী আছে (০.৫০)/নাই (০) | পরিবারে অটিজম/ প্রতিবন্ধী আছে (০.৫০)/ নাই (০) | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| **প্রাথমিক তালিকা প্রস্তুত ও সমন্বয়কারী:**<br>স্বাক্ষর :<br>পদবী : ইউ.পি. সচিব | স্বাক্ষর :<br>পদবী : ইউ.পি. মহিলা সদস্য<br>ওয়ার্ড নং : | স্বাক্ষর :<br>পদবী : ইউ.পি. পুরুষ সদস্য<br>ওয়ার্ড নং : | স্বাক্ষর :<br>পদবী : ইউ.পি. চেয়ারম্যান<br>প্রতিষ্ঠানের নাম:<br>(সরকারি কর্মচারী, ইউইনয়ন পর্যায়ে) |

## ছক-৩

ভিজিডি কর্মসূচির জন্য উপকারভোগী মহিলা নির্বাচনের তালিকার চূড়ান্ত 'ছক'

ভিজিডি চক্র ২০২১-২০২২

ইউনিয়ন : উপজেলা : জেলা :

| ক্রমিক নং | ভিজিডি মহিলার নাম | বয়স | জাতীয় পরিচয় পত্র নম্বর | পিতা,স্বামী অথবা অভিভাবকের নাম | পরিবারে সদস্য সংখ্যা | ওয়ার্ড নং | গ্রাম | পাড়া / মহলস্না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| | |
|---|---|
| চূড়ান্ত তালিকা প্রস্তুতকারীঃ<br>স্বাক্ষর :<br>পদবী : সদস্য সচিব, ইউ. পি ভিজিডি মহিলা বাছাই কমিটি<br>ওয়ার্ড নং : | স্বাক্ষর :<br>পদবী : সভাপতি, ইউ. পি ভিজিডি মহিলা বাছাই কমিটি |
| স্বাক্ষর :<br>পদবী : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার<br>সদস্য-সচিব, উপজেলা ভিজিডি কমিটি/<br>উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অর্পিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা<br>ওয়ার্ড নং : | চূড়ান্ত তালিকা অনুমোদনকারীঃ<br>স্বাক্ষর :<br>পদবী : উপজেলা নির্বাহী অফিসার<br>সভাপতি, উপজেলা ভিজিডি কমিটি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**২০২১-২০২২ ভিজিডি চক্রে উপকারভোগী নির্বাচনের কর্ম-পরিকল্পনাঃ**

| কার্যক্রম | দায়িত্ব-কর্তব্য | | মন্তব্য |
|---|---|---|---|
| | বাস্তবায়নে | সময়কাল | |
| ২০২১-২০২২ ভিজিডি চক্রে উপকারভোগী নির্বাচনের জন্য অবহিতকরণ সভা আহ্বান, কর্ম-পরিকল্পনা প্রণয়ন, ইউনিয়ন ভিত্তিক ভিজিডি কার্ড সংখ্যা নির্ধারণ। | উপপরিচালক (জেলা)/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার | ০৭ অক্টোবর ২০২০ | |
| অনলাইনে প্রাথমিক আবেদন গ্রহণ (ছক-১)। | ওয়ার্ড কমিটি | ২০ অক্টোবর ২০২০ এর মধ্যে | এনজিও প্রতিনিধি সহায়তা করবে। |
| অনলাইনে প্রাপ্ত আবেদন ওয়ার্ড কমিটি কর্তৃক সরেজমিনে যাচাই। | ওয়ার্ড কমিটি | ২১-২৫ অক্টোবর ২০২০ | |
| ওয়ার্ড কর্তৃক যাচাইকৃত সম্ভাব্য ভিজিডি মহিলাদের তালিকার হার্ড কপি ইউনিয়ন পর্যায়ে ভিজিডি উপকারভোগী বাছাই কমিটি কর্তৃক সংগ্রহ ও সরেজমিনে পরিদর্শন করে তথ্য যাচাইয়ের মাধ্যমে ছক-২ পূরণ। | ইউনিয়ন পর্যায়ে ভিজিডি উপকারভোগী বাছাই কমিটি | ২৬-৩১ অক্টোবর ২০২০ | অনলাইনে সয়ংক্রিয়ভাবে র‍্যাংকিং হবে। |
| ইউনিয়নে সংরক্ষিত ছক-২ অনুযায়ী র‍্যাংকিংকৃত তালিকা পর্যালোচনা/যাচাই বাছাইকরণ এবং তালিকা প্রতিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙ্গানো। | ইউনিয়ন পর্যায়ে ভিজিডি উপকারভোগী বাছাই কমিটি | ২৬-৩১ অক্টোবর ২০২০ | |
| সম্ভাব্য ভিজিডি মহিলাদের তালিকা স্বাক্ষরপূর্বক উপজেলা ভিজিডি কমিটির নিকট প্রেরণ/পেশ। | ইউনিয়ন পর্যায়ে ভিজিডি উপকারভোগী বাছাই কমিটি | ০১-১০ নভেম্বর ২০২০ | |
| ছক-৩ অনুযায়ী ভিজিডি মহিলাদের পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত। | উপজেলা ভিজিডি কমিটির সদস্য সচিব | ১১-৩০ নভেম্বর ২০২০ | |
| অনুমোদিত এবং স্বাক্ষরিত চূড়ান্তভাবে নির্বাচিত ভিজিডি তালিকা ইউনিয়ন পরিষদে প্রেরণ। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার | ৩০ নভেম্বর ২০২০ | |
| চূড়ান্তভাবে নির্বাচিত ভিজিডি তালিকা ভিজিডি ডাটা বেইজ এ অন্তর্ভূক্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার | ১-৫ ডিসেম্বর ২০২০ | |
| অনুমোদিত এবং স্বাক্ষরিত চূড়ান্তভাবে নির্বাচিত ভিজিডি তালিকা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙ্গানো। | ইউনিয়ন পরিষদ। | ০৬ ডিসেম্বর ২০২০ | |
| ১০% মহিলাদের অপেক্ষমান তালিকা প্রস্তুতকরণ। | উপজেলা ভিজিডি কমিটি | ০৭-০৯ ডিসেম্বর ২০২০ | |
| নির্বাচিত উপকারভোগী মহিলাদের মাঝে ভিজিডি কার্ড বিতরণ। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসার | ১০-২০ ডিসেম্বর ২০২০ | |

স্বাক্ষরিত
০৪/১০/২০২০
(নিলুফার ইয়াসমিন)
উপসচিব
ফোন-৯৫৭০৬৫৭।